

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো
পল্লী ভবন, ৫ কাওরানবাজার, ঢাকা
www.iresppw-brdb.gov.bd

নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০৪.০৫২.২৪-৪৭৬

তারিখ: ২৬/১১/২০২৪


অফিস আদেশ

যেহেতু, জনাব তরুন কান্তি বৈদ্য, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), ইরেসপো, বিআরডিবি, নড়াইল জেলা দপ্তর ঝালকাঠি জেলার সদর উপজেলায় কর্মকালীন প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকা বর্হিভূতভাবে ঋণ বিতরণের পূর্বে যাচাইসহ ঋণ অনুমোদন ও বিতরণের প্রক্রিয়া অনুসরণ না করে অনিয়মতান্ত্রিকভাবে সরাসরি ব্যাংক অ্যাডভাইসের মাধ্যমে ঋণ বিতরণ, ঋণের জামানত হিসেবে সদস্যদের স্বাক্ষরযুক্ত পোস্ট ডেটেড চেক যথাযথভাবে সংরক্ষণ ও তদারকি না করা এবং সমিতি পর্যায়ে কোনরূপ তদারকি না করায় আত্মসাতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা ও জড়িত থাকা এবং দায়িত্ব অবহেলা, অদক্ষতা ও আর্থিকভাবে লাভবানের উদ্দেশ্যে মাঠসংগঠক জনাব ইয়াসমিন আক্তার-কে সর্বমোট ৭০,৪৫,১৫৬.০০ (সত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার একশত ছাশান্ন) টাকা আত্মসাতের সুযোগ তৈরী করে দেয়ার অভিযোগের প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিভাগীয় মামলা (মামলা নং ০১/২৪) রুজু করে স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৪.০৫২.২৪-৩৯৭ তারিখ: ১৬/১০/২৪ মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, জনাব তরুন কান্তি বৈদ্য, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), ইরেসপো, বিআরডিবি, নড়াইল অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন, সেহেতু তার আবেদনের পরিপ্রেক্ষিতে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে তীর বক্তব্য সন্তোষজনক বিবেচিত হয়নি বিধায় উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৪.০৫২.২৪-৪৪৪ তারিখ: ০৬/১১/২৪ মূলে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৪.০৫২.২৪-৪৭৩ তারিখ: ২৬/১১/২৪ মূলে তীর বিরুদ্ধে আনীত ০৬(ছয়টি) অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, জনাব তরুন কান্তি বৈদ্য, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), ইরেসপো, বিআরডিবি, নড়াইল এর বিরুদ্ধে আনীত ০৬(ছয়টি) অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে যা ইরেসপো জনবল ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ (সংশোধিত) এর অনুচ্ছেদ ২৪ এর মোতাবেক (ক), (খ), (ঘ), ও (ঝ) কার্যক্রম সন্তোষজনক না হওয়া, দায়িত্ব পালনে অবহেলা, অসদাচারন ও ইরেসপো বিরোধী কর্মকাণ্ডে লিপ্ত হওয়া, আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত করাজনিত গুরুতর শাস্তিযোগ্য অপরাধ; এবং

এক্ষনে সেহেতু, জনাব তরুন কান্তি বৈদ্য, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), ইরেসপো, বিআরডিবি, নড়াইল জেলা দপ্তর এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার প্রেক্ষিতে তীর জবাব এবং তদন্ত প্রতিবেদন বিশ্লেষণপূর্বক অপরাধের ধরন, প্রকৃতি ও গভীরতা বিবেচনায় জনাব তরুন কান্তি বৈদ্য, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), ইরেসপো কে ইরেসপো জনবল ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ (সংশোধিত) এর অনুচ্ছেদ ২৪ এর মোতাবেক (ক), (খ), (ঘ), ও (ঝ) কার্যক্রম সন্তোষজনক না হওয়া, দায়িত্ব পালনে অবহেলা, অসদাচারন ও ইরেসপো বিরোধী কর্মকাণ্ডে লিপ্ত হওয়া, আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত করাজনিত গুরুতর শাস্তিযোগ্য অপরাধের অভিযোগে অভিযুক্ত করত: ইরেসপো জনবল ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ (সংশোধিত) এর অনুচ্ছেদ ২৫ (খ) এর (ই) মোতাবেক গুরুদন্ত হিসেবে তীর সাথে চুক্তি বাতিলপূর্বক কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত করে রুজুকৃত বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।


সাদিরা হায়দার
যুগ্ম সচিব
পরিচালক (সরেজমিন)